শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
সিরাজদিখান, মুন্সীগঞ্জ

জুন, ২০২২ মাসে সিরাজদিখান উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মহিউদ্দিন আহমেদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিরাজদিখান, মুন্সীগঞ্জ

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

তারিখ ও সময় : ২১/০৬/২০২২ খ্রিঃ সময়ঃ বেলা ১১.০০টা

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় উত্থাপিত বিষয়াদি আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে দেয়া হলঃ

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | রাজস্ব তহবিল ব্যবস্থাপনা | উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, (ক) মে,২২ মাসে মোঃ স্বাপন মাঝী, সুইপার এর মজুরী ১৪,৩০০/- টাকা, রেখা বেগম, মালী এর মজুরী ১৪,৩০০/- টাকা, আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা, আনুষঙ্গিক বিল ৫,০০০/- টাকা, জীপ গাড়ীর জ্বালানী বিল ২১,৪৯৪ টাকা প্রদান করা হয়েছে।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজদিখান এর অফিসের টয়লেটর চৌকাঠসহ দরজা প্রতিস্থাপন বিল ১৩,০০০/- টাকা, ২০২১-২২ অর্থ বছরে হোল্ডিং টেক্স ২৫,০০০/- টাকা, পাম্প হাউজ, অডিটরিয়াম ও উপজেলা চেয়ারম্যানের বাসভবনের বিদ্যুৎ বিল ২২৮,০১১/- টাকা প্রদান করা হয়েছে। | "ক ও খ"তে বর্ণিত সকল ব্যয় বিস্তারিত আলোচনান্তে সভায় গৃহিত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, (ক) উপ-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর স্বারক নং-২৩০ তারিখঃ ২৮/০৪/২০২২ ইং মূলে উপজেলা পরিষদের ইউটিডিসি (প্রশাসনিক) ভবনের উপজেলা নির্বাহী অফিসারের নেজারত শাখা ও উপজেলা প্রকৌশলীর হিসাব শাখাসহ মোট ০৩(তিন) কক্ষ মেরামত বাবদ চার লক্ষ টাকা উপজেলা রাজস্ব তহবিলের অর্থে মেরামত করার জন্য মে,২২ মাসের সভায় ভূলক্রমে "অফ লাইনে" (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন করার জন্য বলা হয়। প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>(খ) উপজেলা পরিষদের আবাসিক অফিসার্স কোয়ার্টার শাপলা ভবন মেরামত করে বসবাস উপযোগী করা প্রয়োজন। ছাদে পেটার্ন স্টুন, পানির লাইন ও ২য় তলায় রং কাজ প্রয়োজন। ইতোমধ্যে খষড়া বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মূল্য ২লক্ষ টাকা। | (ক) বিস্তারিত আলোচনান্তে প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়ন করার সার্থে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহীত হয় ও অনুমোদিত হয়।<br><br>(খ) অফিসার্স কোয়ার্টার শাপলা ভবনের ছাদে পেটার্ন স্টুন, পানির লাইন ও ২য় তলায় রং কাজ করার জন্য পিপিআর-২০০৮ যথাযথ অনুসরণপূর্বক ২ (দুই) লক্ষ টাকা ব্যয় সীমার মধ্যে পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), সিরাজদিখান |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার সভায় অনুপস্থিত ছিলেন। | | |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে সিরাজদিখান উপজেলায় খরিপ-২/২২-২৩ মৌসুমে উফশী রোপা আমন ধানের ১২০০ কৃষক/কৃষাণীকে কৃষি প্রনোদনার বরাদ্দ দেয়া হয়েছে। প্রনোদনা বিভাজন জমির উপযোগিতার ভিত্তিতে করা হয়েছে যা নিম্নোরূপঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভাকে অবহিত করেন যে, (ক) উপজেলা পরিষদ কোয়াটার এলাকার পশ্চিম দিকের নিচু খালি যায়গা ০৮-০৯ বছর পূর্বে ভরাট করার জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হয় কিন্তু এখনও পর্যন্ত ভরা যায়নি। ভরাট করলে আবাসিক এলাকা সম্প্রসারণ হবে এবং নতুন আবাসিক ভবন উত্তোলন করার জন্য ভরাট করা প্রয়োজন। ইতিপূর্বে উপজেলা প্রকৌশলী জায়গাটি মেপে বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করেছেন। কোয়াটার এলাকার পশ্চিম দিকের নিচু খালি যায়গা ভরাট করার জন্য ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) ঘন মিটার বালুর প্রয়োজন হবে যার প্রাক্কলন মূল্য ৩০,০৭,০৬০/- (ত্রিশ লক্ষ সাত হাজার ষাট) টাকা।<br>(খ) উপজেলা প্রকৌশলী, সভাকে অবহিত করেন যে, ২৯শে আগস্ট, ১৯৮৯ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভার ১২ নং অনুচ্ছেদে উপজেলা পরিষদের নিজস্ব সম্পত্তিতে পোস্ট অফিসের রাস্তার পূর্ব পার্শ্বে জনাব গোলাম হাবিবুর রহমান, ছোট পাউলদিয়া, সিরাজদিখান বরাবর ৫০৫ বর্গফুট জায়গা পাকা দালান তোলার স্থায়ী লিজ অনুমোদন দিয়ে বরাদ্দ প্রদান করা হয়। জনাব গোলাম হাবিবুর রহমান বরাদ্দকৃত যায়গায় ১তলা পাকা দালান নির্মাণ করে ব্যবসা পরিচালনা করে আসছিলেন। পরবর্তীতে জনাব গোলাম হাবিবুর রহমান উপজেলা পরিষদের বরাদ্দকৃত যায়গা ও উত্তোলিত ১তলা দালান জনাব বীর মুক্তিযোদ্ধ জয়নাল আবেদীন তালুকদার গ্রামঃ শিয়ালদী বরাবর বিক্রয় করেন।<br>বর্ণিত অবস্থায়, উপজেলা পরিষদের ভূমি স্থায়ী লীজ প্রদান এবং পাকা দালান নির্মাণ করার বিধান না থাকায় জনাব গোলাম হাবিবুর রহমান, ছোট পাউলদিয়াকে প্রদত্ত স্থায়ী লীজ বেআইনি হয়েছে। উপরোক্ত জনাব গোলাম হাবিবুর রহমান উপজেলা পরিষদের বরাদ্দকৃত যায়গা নিজ প্রয়োজন না হলে উপজেলা বরাবর ছেড়ে না দিয়ে বিক্রয় করেন। উপজেলা পরিষদের বরাদ্দকৃত লীজ উপজেলা পরিষদ বরাবর ছেড়ে না দিয়ে বিক্রয় করাও বেআইনী হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কোয়াটার এলাকার পশ্চিম দিকের নিচু খালি যায়গা ভরাট করার জন্য ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) ঘন মিটার বালুর প্রাক্কলন মূল্য ৩০,০৭,০৬০/- যা স্থানীয় সরকার থেকে বরাদ্দ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব প্রদান করা হয়। প্রাক্কলিত অর্থ বরাদ্দ করে উপজেলা পরিষদ কোয়াটার এলাকার পশ্চিম দিকের নিচু খালি যায়গা ভরাট করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বিস্তারিত আলোচনান্তে ২৯শে আগস্ট, ১৯৮৯ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় "উপজেলা পরিষদের নিজস্ব সম্পত্তিতে পোস্ট অফিসের রাস্তার পূর্ব পার্শ্বে জনাব গোলাম হাবিবুর রহমান, ছোট পাউলদিয়া, সিরাজদিখান বরাবর ৫০৫ বর্গফুট জায়গা স্থায়ী লীজ প্রদান ও লীজকৃত সম্পত্তিতে পাকা দালান নির্মাণ" ১২ নং অনুচ্ছেদে বাতিল করার সিদ্ধান্ত গ্রহীত হয়। গ্রহীত সিদ্ধান্ত জনাব বীর মুক্তিযোদ্ধ জয়নাল আবেদীন তালুকদার গ্রামঃ শিয়ালদী বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সিরাজদিখান ও উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ। |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার আরও অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরের বাজেট কোন ধরণের সংশোধন না থাকায় অনুমোদন করা যেতে পারে। | (গ) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের বাজেট অনুমোদিত ও পাশ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মহিউদ্দিন আহম্মেদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিরাজদিখান, মুন্সীগঞ্জ

স্মারক নম্বর উপজেলা/পরিষদ/সিরাজ/মুন্সী-২৪ তারিখঃ ২২/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ।
৪। ................................................ অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
৫। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ